

খেলা

তৃতীয় দিনের প্রথম সেশন শেষে বাংলাদেশের লিড ২১৯

প্রতিবেদক: ক্রীড়া ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

মেহেদী হাসান মিরাজের ছক্কায় তৃতীয় দিনের প্রথম সেশন শেষ করল বাংলাদেশ। লাঞ্চের আগে অস্ট্রেলিয়ার বিপক্ষে বাংলাদেশের লিড দাঁড়িয়েছে ২১৯ রানের। ১৩৩ ওভারে ৮ উইকেটে সফরকারীদের রান ৪১৭।

তৃতীয় দিনের শুরুতে ৬ উইকেটে ৩৫১ রান নিয়ে ব্যাটিংয়ে নেমে বাংলাদেশ হারায় হাসান মাহমুদ ও তাইজুল ইসলামের উইকেট। তবে এক প্রান্ত আগলে রেখে দলকে এগিয়ে নিচ্ছেন মিরাজ। স্টার্কের ওভারে ফিফটি পূর্ণ করার পর নিজের ইনিংসকে এগিয়ে নিচ্ছেন এই অলরাউন্ডার।

এর মধ্যে অবশ্য জীবনও পেয়েছেন মিরাজ ও তাসকিন। প্যাট কামিন্সের ওভারের দ্বিতীয় বলে তাসকিনের ক্যাচ ছাড়েন স্টিভেন স্মিথ। তখন ১০ রানে ছিলেন তাসকিন। একই ওভারের পঞ্চম বলে মিরাজের ক্যাচ ফেলে দেন ট্রাভিস হেড। মিরাজ তখন ৫২ রানে।

লাঞ্চে বিৱতিতে যাওয়ার ঠিক আগের বলে ক্যামেরন গ্রিনকে মিডউইকেটের ওপর দিয়ে তুলে মেৱে ছক্কা হাঁকান তিনি। সেই ছক্কাতেই লাঞ্চে যায় বাংলাদেশ। মিরাজ ৬৫ ও তাসকিন ১২ রানে ব্যাট কৱছেন। অস্ট্রেলিয়ার প্রথম ইনিংসের ১৯৮ রানের জবাবে বাংলাদেশের লিড এখন ২১৯ রান।

বাংলাদেশের হয়ে সাত নম্বর বা তার নিচে ব্যাটিংয়ে নেমে ১০০ বা এর বেশি বল খেলা ইনিংস এখন পর্যন্ত ৬৬টি। এর মধ্যে ১১টিই মেহেদী হাসান মিরাজের। অর্থাৎ লোয়ার অর্ডারে নেমেও দীর্ঘ সময় ব্যাট কৱার ক্ষেত্রে বাংলাদেশিদের মধ্যে মিরাজের ধাৱেকাছেও নেই কেউ।

শুধু লম্বা ইনিংস নয়, সাত বা তার নিচে ব্যাটিংয়ে নেমে সবচেয়ে বেশি ফিফটি ও সেঞ্চুরিও মিরাজের। এই পজিশনে তাঁর ১০টি ফিফটি ও ২টি সেঞ্চুরির সবগুলোই এসেছে সাত বা তার নিচে ব্যাট কৱে।

এ বিভাগের আরও খবর



শ্রীলঙ্কার কাছে হেৱে ৰোঞ্জুও খোয়াল বাংলাদেশ
স্বপ্ন ছিল সোনার হাসি হাসার। এশিয়ান গেমসে খেলতে যাওয়ার আগে এমন স্বপ্নের কথাই জানিয়েছিলেন অধিনায়ক লিটন দাস। তবে সেই স্বপ্ন তো পূৰ্ব হয়ইনি, এমন...



এশিয়ান গেমসে আফগানিস্তানকে হাৱাল নেপাল
এশিয়ান গেমসের পূৰ্ব্ব ক্রিকেটে আফগানিস্তানকে ৫ উইকেটে হাৱিয়েছে নেপাল। শুক্ৰবার জাপানের নিশিনে অনুষ্ঠিত ম্যাচে ১০০ রানের লক্ষ্য তারা ছুঁয়ে ফ...



ব্যালন ডি'অর জয়ী ফুটবলারকে নির্বাচন করা হয় যেভাবে
চলতি বছরের ব্যালন ডি'অর কার হাতে উঠবে, তা নিয়ে ফুটবলবিশ্বে চলছে নানা আলোচনা। পুরস্কার ঘোষণার সময় যত খনিরে
আসছে, ততই সামনে আসছে একটি পুরোনো গ...



নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ
নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে
৭১ রানে হারিয়েছে। আগে ব্য...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/sports/tritiy-diner-prthm-seshn-sheshe-bangladesher-lid-219>